

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে সুপারিশপ্রাপ্তদের স্মারকলিপি

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হওয়ার পরও দীর্ঘদিন নিয়োগপত্র না পাওয়ায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের (ডিপিই) মহাপরিচালকের কাছে স্মারকলিপি দিয়েছেন প্রার্থীরা। আজ সোমবার (২৭ এপ্রিল) রাজধানীর মিরপুর-২-এ অধিদপ্তরের কার্যালয়ে গিয়ে তারা এই স্মারকলিপি জমা দেন।

স্মারকলিপিতে প্রার্থীরা জানান, ২০২৫ সালের নিয়োগে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হওয়ার পরও তারা এখনো নিয়োগপত্রের অপেক্ষায় রয়েছেন। প্রয়োজনীয় সব যাচাই-বাছাই ও আনুষ্ঠানিকতা

সম্পন্ন হলেও নিয়োগপ্রক্রিয়া বুলে থাকায় তারা চরম অনিশ্চয়তা ও মানসিক ভোগান্তির মধ্যে দিন কাটাচ্ছেন।

তারা আরো উল্লেখ করেন, সম্প্রতি প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রীর সঙ্গে আলোচনায় তাদের সমস্যা দ্রুত সমাধানের আশ্বাস দেওয়া হয়েছে। সেই আশ্বাসের প্রেক্ষিতে তারা আশাবাদী হয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য স্মারকলিপি প্রদান করেছেন।

স্মারকলিপিতে সুপারিশপ্রাপ্তরা দুই দফা দাবি তুলে ধরা ধরেছেন। দাবিগুলো হলো—চূড়ান্ত সুপারিশপ্রাপ্ত সব প্রার্থীকে অনতিবিলম্বে নিয়োগপত্র প্রদান এবং দ্রুততম সময়ের মধ্যে যোগদান ও পদায়নসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা।

এতে আরো বলা হয়, মানবিক ও ন্যায্য দিক বিবেচনায় দ্রুত ব্যবস্থা নেওয়া হলে দীর্ঘদিনের অনিশ্চয়তা থেকে মুক্তি পাবেন প্রার্থীরা।

এর আগে, একই দাবিতে গতকাল রবিবার রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন সুপারিশপ্রাপ্তরা।

পরে আজ তারা মিরপুরে প্রাথমিক শিক্ষা
অধিদপ্তরের সামনে অবস্থান নিয়ে দাবি আদায়ে
নতুন কর্মসূচি শুরু করেন। আন্দোলনের অংশ
হিসেবেই তারা এই স্মারকলিপি জমা দেন।

আন্দোলনকারীরা জানিয়েছেন, দাবি বাস্তবায়ন
না হওয়া পর্যন্ত তারা শান্তিপূর্ণ কর্মসূচি চালিয়ে
যাবেন। প্রয়োজনে আরো কঠোর কর্মসূচি
ঘোষণা করা হতে পারে বলেও ইঙ্গিত দিয়েছেন
তারা।